

## যীশু এবং শমরীয়গণ - ক্ষেত্র প্রস্তুত

যীশু আমাদের সমস্ত জাতীকে শিষ্য করার আদেশ দিয়েছেন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই R5b অধ্যায়টি পাঠ করা উচিত।

প্রার্থনা : “প্রভু যীশু, দয়া করে আমাদের উপাসক মণ্ডলীকে অবহেলিত লোকদের দেখিয়ে দাও এবং যাদের আমরা সেই লোকদের কাছে পাঠাব তাদেরও দেখিয়ে দাও।”

১. আপনার সমাজের নিকটবর্তী অঞ্চলে ‘প্রস্তুত ক্ষেত্র’ দেখার জন্য হৃদয়কে প্রস্তুত করুন।

যীশু এবং শমরীয়গণ

এই ঘটনাটির পটভূমি বোঝার জন্য যোহন ৪:৪-২৬ পদ পাঠ করুন।

যীশু সেই সকল জাতি গোষ্ঠীকে কিভাবে দেখেছিলেন, যাদের মধ্যে খুব কম সংখ্যক বিশ্বাস ছিল, তা বোঝার জন্য যোহন ৪:২৭-৪২ পদ পাঠ করুন।

টীকা : যীশু এবং তাঁর শিষ্যগণ যিহূদী জাতির লোক ছিলেন। সেই সময় যিহূদী জাতির লোকেরা শমরীয়দের অশুচি এবং অস্পৃশ্য বলে মনে করতো।

নিম্নলিখিত বিস্তারিত বিষয়গুলো খুঁজে দেখুন।

- ক) ২৭ এবং ৪০ পদে, যীশু সেই শমরীয়দের সঙ্গে কিরূপ ব্যবহার করেছিলেন, অন্যরা যাদের তুচ্ছ করতো?
- খ) ৩৫ পদে, যীশু কিভাবে তাঁর শিষ্যদের শমরীয়দের বিষয় বিবেচনা করতে বলেছিলেন।
- গ) ৪১ পদে, শমরীয়গণ কেন যীশুকে বিশ্বাস করেছিলেন।

[ উত্তর :

- ক) যীশু তাদের সঙ্গে কথা বলেছিলেন, অনুগ্রহপূর্ণ ব্যবহার করেছিলেন এবং তাদের সঙ্গে কিছুদিন বাস করেছিলেন।
- খ) শস্য সংগ্রহের জন্য প্রস্তুত ক্ষেত্র হিসাবে।
- গ) যীশুর নিজের কথাবার্তার কারণে।]

অন্যান্য জাতিগোষ্ঠীর বিষয়ে আমাদের প্রতি যীশুর চূড়ান্ত আদেশ

মথি ২৮:১৬-২০ পদে খুঁজে দেখুন :

- ক) ১৮ পদে, যীশু কোথায় তাঁর সুসমাচার নিয়ে যেতে চেয়েছিলেন।
- খ) ১৯ এবং ২০ পদে, প্রতিটি জাতি গোষ্ঠীর নতুন শিষ্যদের নিয়ে আমাদের কি করতে হবে।
- গ) ২০ পদে, কত কাল অবধি আমাদের বিশ্বাসীদের অন্যান্য জাতির কাছে সুসমাচার নিয়ে যেতে হবে।

[ উত্তর সমূহ :

- ক) সমুদয় জাতির কাছে।
- খ) তাদেরকে বাপ্তিস্ম দিতে হবে এবং আমরা আমাদের নিজেদের লোকদের যেভাবে শিক্ষা দিই, তাদেরকেও সেইভাবে যীশুর বাধ্য হতে শিক্ষা দিতে হবে।
- গ) যীশুর দ্বিতীয় আগমন কাল পর্যন্ত।]

চারটি স্থানে যীশুর লোকদের সুসমাচার নিয়ে যাওয়া উচিত।

প্রেরিত ১:৬-১১ পদে খুঁজে দেখুন, যীশু তাঁর শিষ্যদের কোথায় যাবার আদেশ দিয়েছেন।

- ক) আমরা কোথায় নতুন শিষ্য তৈরী করা শুরু করব?
- খ) তারপর আমাদের কোথায় যাওয়া উচিত?
- গ) তারপর আবার আমাদের কোথায় যাওয়া উচিত?
- ঘ) শেষে, আমাদের কোথায় যেতে হবে?

[ উত্তর সমূহ (৮ পদ) :

- ক) যিরূশালেমের অর্থ হল, আমাদের নিজস্ব শহর এবং জন গোষ্ঠী।



- খ) যবুদীয়া হল অন্য শহরে আমাদের নিজস্ব গোষ্ঠীর মধ্যে।  
গ) শমরীয়া হল নিটকবর্তী স্থানে এবং আমাদের নিজস্ব শহরের অন্য জন গোষ্ঠীর মধ্যে।  
ঘ) ‘পৃথিবীর প্রান্ত পর্যন্ত’ কথাটির অর্থ হল যে কোন জাতির মধ্যে যে কোন অবহেলিত জনগোষ্ঠী।

কোন কোন জনগোষ্ঠীর মধ্যে যীশু চেয়েছিলেন আমরা যেন সুসমাচার বহন করে নিয়ে যাই।

টীকা : ‘পরজাতিদের’, সমস্ত অ-যিহুদী জনগোষ্ঠী-র অন্তর্ভুক্ত

রোমীয় ১৫ঃ১৪ঃ২১ পদে খুঁজে দেখুন, ক) ১৬ পদে, কিভাবে অন্য জনগোষ্ঠী ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য হতে পারে।

- খ) ১৮ এবং ১৯ পদ, অন্য জনগোষ্ঠীকে শিষ্য করার শক্তি আমরা কোথা থেকে লাভ করি।  
গ) ২০ পদে, নতুন শিষ্য তৈরী করার জন্য আমাদের কোথায় যাওয়া উচিত?



শমরীয়াগণ

[ উত্তর সমূহঃ

ক) তারা যখন যীশুর ওপর আস্থা স্থাপন করেন, তখন পবিত্র আত্মা তাদের পবিত্র করে।

খ) খ্রীষ্ট এবং পবিত্র আত্মার কাছ থেকে।

গ) যেখানে লোকেরা এখনও যীশুর ওপর বিশ্বাস স্থাপন করেন নি।]

## ২. আগামী সপ্তাহের কার্যকলাপের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

আপনার দলের নিটকবর্তী অঞ্চলে অবহেলিত জনগোষ্ঠীদের চিহ্নিত করুন।

এই সকল অবহেলিত লোকদের সেবার জন্য এবং তাদের মধ্যে সুসমাচারের সহভাগিতা করার জন্য আপনার উপাসক মণ্ডলীর কি করা উচিত সেই বিষয়ে একসাথে প্রার্থনা করুন।

সেই সকল জনগোষ্ঠীর বস্তুগত এবং আধ্যাত্মিক প্রয়োজন জানার জন্য উক্ত জনগোষ্ঠীর লোকদের সঙ্গে সাক্ষাৎ করুন।

অন্যান্য দেশের অবহেলিত জনগোষ্ঠীর বিষয়ে শিখুন এবং কিভাবে তাদের মধ্যে উপাসক মণ্ডলী তৈরী করা যায় সেই বিষয়ে রিপোর্ট করুন।

## ৩. আগামী আরাধনা সভার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা তৈরী করুন।

শিশুদের কূপের কাছে শমরীয় মহিলার গল্পটি নাটক করতে বলুন এবং বড়দের কাছে তাদের প্রশ্ন জিজ্ঞাসা করতে বলুন।

সপ্তাহব্যাপী আপনি যা শিখেছেন, তার রিপোর্ট দিন।

যে কোন অবহেলিত জনগোষ্ঠীর বিষয়ে এবং যে সকল মিশনারীগণ তাদের কাছে পৌঁছানোর চেষ্টা করছেন তাদের জন্য প্রার্থনা করুন। পবিত্র আত্মাকে বলুন, তিনি যেন আপনার উপাসক মণ্ডলীর মধ্যে থেকে প্রেরিতদের নির্বাচন করেন, যারা সেই অবহেলিত জনগোষ্ঠীর মধ্যে উপাসক মণ্ডলী প্রস্তুত করতে সক্ষম হবেন।

প্রভুর ভোজ পরিবেশনের জন্য যিশাইয় ৫২ঃ১৩-৫৩ঃ৬ পদ পর্যন্ত পাঠ করুন। ব্যাখ্যা করুন যে প্রভু যীশু চান যেন প্রতিটি জাতির প্রতিটি জনগোষ্ঠীর মধ্যে তাঁর পরিচয় পৌঁছায় এবং পৃথিবীর হাজার হাজার জন গোষ্ঠী যেন আমাদের মত একই সময় প্রভুর ভোজ গ্রহণ করেন।

মুখস্থ পদঃ যোহন ৪ঃ৩৫, যেখানে প্রস্তুত ক্ষেত্রের প্রতি দৃষ্টিপাত করতে বলা হয়েছে।

প্রার্থনাঃ “স্বর্গীয় পিতা, যীশু খ্রীষ্টকে আমাদের কাছে দানের জন্য তোমাকে ধন্যবাদ দিই, তিনি আমাদের পরিচরণের জন্য মৃত্যুবরণ করেছিলেন এবং পুনরুত্থিত হয়েছিলেন। অবহেলিত লোকদের কাছে এবং অন্য জনগোষ্ঠীর কাছে সুসমাচার নিয়ে যেতে আমাদের সাহায্য কর।”

